

## ঢাবি জিয়া হল থেকে বিপুল পরিমাণ দেশীয় অস্ত্র উদ্ধার

### • দুই ছাত্রলীগ কর্মী বহিষ্কার

বিশ্ববিদ্যালয় বার্তা পরিবেশক

ঢাকা: বিশ্ববিদ্যালয়ের জিয়াউর রহমান হলের বিভিন্ন কক্ষে গোপানি চালিয়ে বিপুল পরিমাণ দেশীয় অস্ত্র উদ্ধার করেছে হল কর্তৃপক্ষ। তৎকালিক এসব অস্ত্র রাখার সঙ্গে জড়িত মনেহে হলের ছাত্রলীগ কর্মী শাহিনুর রহমান ও রফিকুল্লাহী মিলুকে অনির্দিষ্টকালের জন্য হল থেকে বহিষ্কার করা হয়েছে।

গত সোমবার রাতে হল প্রাধ্যক্ষ অধ্যাপক আবদুল হাকিমের নেতৃত্বে পরিচালিত এক অভিযানে এসব অস্ত্র উদ্ধার করা হয়। উদ্ধার অভিযানে হলের আবাসিক শিক্ষক সহকারী অধ্যাপক কামী মাহফুজুল হক সুপন, সহকারী অধ্যাপক এসএম শামীম রেজা, এটিএম শাহসুজ্জোহা উপস্থিত ছিলেন।

প্রাধ্যক্ষ বদেন, হলের শান্তি-শুধুলা বজায় রাখতে এবং নিয়মিত কর্মসূচির অংশ হিসেবে হলের ২০৮, ২০৯, ৩০৪,

৩০৫, ৩০৮, ৩১২ ও ৩১৪ নম্বর কক্ষে তল্লাশি চালানো হয়েছে। এসব কক্ষে থেকে রক্ত, স্টাম্প, চাপতি, হকিটিক, পাইপ, চেইনসহ দেশীয় অস্ত্র উদ্ধার করা হয়। তবে হলের শিক্ষার্থীরা জানান, বেশ কয়েকদিন ধরে জিয়া হলে উত্তেজনা চলে আসছিল। সাথে সাথেই হলের বিভিন্ন এমপের মধ্যে সংঘর্ষ বাধে এবং সাধারণ শিক্ষার্থীদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে। এসব কারণেই অভিযান চালানো হয়েছে।